



খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।

ভূমি বিষয়ক পরামর্শক নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নম্বরঃ ২৫.৪১.০০০০.০০৪.০৩.২৩৭.২১-২৩৪২/০৩

তারিখ : ১৪ আষাঢ় ১৪২৮  
২৮ জুন ২০২১

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে ১ (এক) জন ল্যান্ড এ্যাডভাইজার/ভূমি বিষয়ের পরামর্শক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের অনুকূলে ট্রাস্ট ব্যাংক, খুলনা শাখা বরাবরে ১,০০০/- (এক হাজার মাত্র) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক<br>নং | পরামর্শক পদের<br>নাম                               | পদের<br>সংখ্যা | বয়সসীমা           | সম্মানী            | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|--------------|--|----------------|--------------------|--------------------|--|
| ১            | ২  | ৩              | ৪                  | ৫                  | ৬  |
| ০১।          | ল্যান্ড<br>এ্যাডভাইজার<br>/ভূমি বিষয়ক<br>পরামর্শক | ০১             | অনুর্ধ্ব ৬৫<br>বছর | আলোচনা<br>সাপেক্ষে | কমপক্ষে সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব পদমর্যাদার কর্মকর্তা।<br>PhD ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। ভূমি বিষয়ক<br>দেশে/বিদেশে যে কোন প্রশিক্ষণ, সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ,<br>ভূমি আইন সংক্রান্ত কোন প্রকাশনা, প্রকল্প পরিচালক হিসাবে<br>কাজ করার অভিজ্ঞতা, জমি অধিগ্রহণ, ল্যান্ড সেটেলমেন্ট<br>পরামর্শক হিসাবে কাজ করার অভিজ্ঞতা, আইসিটি বিষয়ক দক্ষতা।<br>বড় বাজেটের প্রকল্পে ভূমি অধিগ্রহণ বিষয়ে জেলা প্রশাসকের<br>সাথে লিয়াজো মেইনটেন করার অভিজ্ঞতা, সিভিল সার্ভিস<br>অফিসার প্রশিক্ষণ কোর্সসমূহে পড়বার অভিজ্ঞতা, রিসার্চ জার্নালে<br>আর্টিকেল প্রকাশনা এবং ভূমি/পরিবেশ বিষয়ে উচ্চতর কোন ডিগ্রি<br>থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হবে। |

শর্তাবলী

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন/ মোবাইল নম্বর, নিজ জেলার নাম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আবেদন চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা এর বরাবর আগামী ১৫/০৭/২০২১ ইং তারিখের মধ্যে ডাকযোগে বা সরাসরি অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৩। ১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীর বয়স পদের পার্শ্বে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্রাদির ছায়াকপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে) সংযুক্ত করতে হবে।  
ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রসিন ছবি।  
খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি ০১ (এক) কপি।  
গ) প্রার্থীর স্থায়ী ঠিকানার সমর্থনে নিজের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।  
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত অনুলিপি।  
ঙ) উপজাতীয় প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।  
চ) সরকারী চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত কাগজপত্র।
- ০৫। প্রাপ্ত আবেদনের সাথে জমাকৃত কোন কাগজপত্র ফেরত দেওয়া হবে না এবং নির্ধারিত তারিখের পরে কোন কাগজপত্র/ প্রত্যায়নপত্র গ্রহণ করা হবে না।
- ০৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন/ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করতে পারবেন।
- ০৮। প্রার্থিত আবেদনপত্রে যে কোন ভুল সনদপত্র জমা দিলে বা মিথ্যা ঘোষণা দিলে সংশ্লিষ্ট আবেদন অযোগ্য বলে বিবেচনা করা হবে। তাছাড়া প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ ও বাতিলসহ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১০। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগতযোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আদেশ/প্রমাণকের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

স্বা:

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুল ইসলাম)  
চেয়ারম্যান  
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।  
ফোন-০২৪৭৭৭২২০৫৯  
ই-মেইল-kda@kda.gov.bd